

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*

স- ১৬৫৮

আগরতলা, ১২ আগষ্ট, ২০১৭

১৫ আগষ্ট থেকে বিনামূল্যে ডায়ালাইসিস

আগামী ১৫ আগস্ট থেকে রাজ্যে যেসমস্ত সরকারি হাসপাতালে ডায়ালাইসিস পরিষেবা চালু রয়েছে সেখানে সমস্ত বি পি এল এবং এ পি এল অর্থাৎ সব ধরনের রোগীদের বিনামূল্যে ডায়ালাইসিস পরিষেবা দেওয়া হবে। রাজ্যে ইতোমধ্যে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এবং জি বি পি হাসপাতাল, আই জি এম হাসপাতাল এবং গোমতী জেলা হাসপাতালে ডায়ালাইসিস পরিষেবা চালু রয়েছে। কিডনিঘটিত রোগে ভুগতে থাকা যে সমস্ত রোগীদের ডায়ালাইসিস প্রয়োজন তারা সবাই যেন এর সুযোগ গ্রহণ করেন। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা এই তথ্য জানিয়েছেন।

\*\*\*\*